



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বঙ্গবন্ধু সরকারি কলেজ ঝাউগড়া  
মেলান্দহ, জামালপুর।  
Website: www.bbhcj.edu.bd  
E-mail: bbc110146@gmail.com

জনসংযোগ দপ্তর  
মোবাইল: ০১৭৪০-৬০২৪২০  
E-mail: rumonsrs@gmail.com

তারিখঃ ২৫ মার্চ, ২০২৪ খ্রি.  
১১ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ

## সংবাদ বিজ্ঞপ্তি

### “বঙ্গবন্ধু সরকারি কলেজ ঝাউগড়া’য় আবেগঘন পরিবেশে ২৫ মার্চ গণহত্যা দিবস-২০২৪ পালিত।”

২৫ মার্চ, ২০২৪ খ্রি. সোমবার বঙ্গবন্ধু সরকারি কলেজ ঝাউগড়া’য় আবেগঘন পরিবেশের মধ্য দিয়ে ২৫ মার্চ, গণহত্যা দিবস-২০২৪ পালিত হয়। শিক্ষক সংসদের সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক সম্পাদক ও বাংলা বিভাগের প্রভাষক রাজু আহম্মদ এর সঞ্চালনায় আলোচনা অনুষ্ঠান শুরু হয়। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন জনাব মোঃ ফজলুল হক চৌধুরী অধ্যক্ষ, বঙ্গবন্ধু সরকারি কলেজ ঝাউগড়া, মেলান্দহ, জামালপুর। বাংলাদেশের বিভিন্ন গণতান্ত্রিক আন্দোলনে শাহাদৎ বরণকারীদের সম্মানে দাঁড়িয়ে ১ মিনিট নীরবতা পালন করা হয়। অনুষ্ঠানের শুরুতে পবিত্র কুরআন থেকে তেলাওয়াত করেন জনাব মোহাম্মদ মামুনুর রশিদ, প্রভাষক ইংরেজি বিভাগ। আলোচনায় অংশগ্রহণ করেনঃ জনাব শাওন দত্ত, প্রভাষক ইংরেজি বিভাগ, জনাব রুমন আহাম্মেদ, প্রভাষক বাংলা বিভাগ, জনাব মোঃ খোরশেদ আলম, প্রভাষক দর্শন বিভাগ, জনাব মোহাম্মদ সাখাওয়াত হোসেন, যুগ্ম সাধারণ সম্পাদক, শিক্ষক সংসদ ও প্রভাষক বাংলা বিভাগ, জনাব রেহানা ইয়াসমিন, প্রভাষক সমাজকর্ম বিভাগ, জনাব হোসনে আরা নাছরিন, প্রভাষক রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, জনাব মোঃ ফেরদৌস আজম, সহকারী অধ্যাপক আইসিটি বিভাগ, জনাব মুহাম্মদ জাহাঙ্গীর আলম, সাধারণ সম্পাদক, শিক্ষক সংসদ ও প্রভাষক, আইসিটি বিভাগ, জনাব মোঃ তোফাজ্জল হোসেন, উপাধ্যক্ষ বঙ্গবন্ধু সরকারি কলেজ ঝাউগড়া, মেলান্দহ, জামালপুর। সভাপতি মহোদয় তাঁর বক্তব্যে বলেন, ২৫ মার্চ, গণহত্যা দিবস। মানবসভ্যতার ইতিহাসে একটি কলঙ্কিত হত্যাযজ্ঞের দিন। বাঙ্গালীর স্বাধীনতার আকাঙ্ক্ষা মুছে দেওয়ার চেষ্টায় ১৯৭১ সালের ২৫ মার্চ গণহত্যা শুরু করেছিল পাকিস্তানি হানাদার বাহিনী। কিন্তু শহীদের রক্ত অণুপ্রেরণা হয়ে আসে বাঙ্গালীর কাছে ফলে ৯ মাস রক্তক্ষয়ী যুদ্ধের মাধ্যমে অর্জিত হয় স্বাধীনতা। এই স্বাধীনতার সুফল সকলের ঘরে ঘরে পৌঁছাতে বদ্ধ পরিকর বঙ্গবন্ধু তনয়া জননেত্রী শেখ হাসিনা। শেখ হাসিনার ঘোষিত স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে নতুন প্রজন্মকে একসাথে কাঁধে কাঁধ মিলিয়ে দেশমাতৃকায় সেবায় আত্মনিয়োগের আহ্বান জানিয়ে তিনি তাঁর বক্তব্য শেষ করেন।

২৫.০৩.২৪

রুমন আহাম্মেদ  
প্রভাষক, বাংলা বিভাগ

ও

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)  
বঙ্গবন্ধু সরকারি কলেজ ঝাউগড়া  
মেলান্দহ, জামালপুর।